

الْبَاطِنُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৬ তম নাম ‘الْبَاطِنُ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْبَاطِنُ’ শব্দের মূল ن - ط - ب , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৫ বার এসেছে। গোপন করা, ভেতরের জিনিস, উদর, গর্ভের মধ্যে, অন্তরঙ্গ, গোপন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْبَاطِنُ অর্থ: ‘তিনিই গোপন’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣﴾

তিনিই প্রথম, তিনিই শেষ, তিনি প্রকাশ্য, তিনি গোপন এবং প্রতিটি বিষয়ে তিনি জ্ঞানী। (সূরা আল হাদিদ: আয়াত নং ৩)

মুসলিম শরীফের হাদীস:

যে আল্লাহ ও আখিরাতে বিশ্বাস করে সে যেন ভালো কথা বলে অথবা চুপ থাকে। যে আল্লাহ ও বিচারের দিনে বিশ্বাস করে সে যেন তার প্রতিবেশীর সাথে সদয় ব্যবহার করে। যে আল্লাহ ও পরকালে বিশ্বাস করে সে যেন তার মেহমানের প্রতি উদার হয়।

সুতরাং, প্রিয় ভাই ও বোনরা! যার কাছে কোন কিছুই গোপন থাকবে না সেই আল্লাহর ও তাঁর রাসূলের কাছে প্রেরিত আল কুরআনের হুকুম আহকাম আমরা মেনে দুনিয়ায় জীবন যাপন করি

আমরা মানুষের সাথে ভালো কথা বলি, তাদের সাথে ভালো আচরণ করি, মানুষের হক নষ্ট না করি, মানুষের কল্যাণ কাজে নিজেকে নিয়োজিত করে।

হে আল্লাহ, আমাদেরকে দুনিয়ায় শিরকমুক্ত, সৎ, মানবউপকারী জীবন যাপন করার তৌফিক দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।